



## প্রাইম এশিয়া বিশ্ববিদ্যালয়ে ইয়ুথ সামিট

প্রকাশিত: ২৭ - সেপ্টেম্বর, ২০১৮ ১২:০০ এ. এম.

বেটার বাংলাদেশ ফাউন্ডেশন (বিবিএফ) এবং প্রাইম এশিয়া বিশ্ববিদ্যালয়ের উদ্যোগে ইয়ুথ ইন ইনোভেশন টু এচিভ এসডিজি গ্র্যান্ড 'ইয়ুথ ইন ট্যুরিজম টু এচিভ এসডিজি' শীর্ষক থিমকে সামনে রেখে ইয়ুথ সামিট ২০১৮ বুধবার বিশ্ববিদ্যালয়ের আইকিউএসি কনফারেন্স সেন্টারে বেলা ১১টায় অনুষ্ঠিত হয়েছে। অনুষ্ঠানে তথ্যমন্ত্রী হাসানুল হক ইনু (এমপি) প্রধান অতিথি ছিলেন এবং প্রাইম এশিয়া বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. আবদুল হান্নান চৌধুরী সভাপতিত্ব করেন। তথ্য ও যোগাযোগ প্রতিমন্ত্রী জোনায়েদ আহমেদ পলক (এমপি) অনুষ্ঠানে সম্মানিত অতিথি হিসেবে বক্তব্য রাখেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন বাংলাদেশে অবস্থিত নরওয়ের রাষ্ট্রদূত সিডসেল ব্লিকেন, সংযুক্ত আরব আমিরাতের রাষ্ট্রদূত সাঈদ মোহাম্মেদ আল মোহাইরী, অস্ট্রেলিয়ার উপ-রাষ্ট্রদূত পেনি মরটন এবং প্রাইম এশিয়া বিশ্ববিদ্যালয়ের প্রতিষ্ঠাতা এবং প্রাইম এশিয়া বিশ্ববিদ্যালয়ের বোর্ড অব ট্রাস্টিজের চেয়ারম্যান এম. এ. খালেক। উক্ত ইয়ুথ সামিট ২০১৮-এর আয়োজক বিবিএফ এর চেয়ারম্যান মাসুদ এ. খান অনুষ্ঠান পরিচালনা করেন এবং সহ-উপস্থাপনা করেন বিবিএফ-এর পরিচালক কানতারা কে. খান। এছাড়াও প্রাইম এশিয়া বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আবুল কাশেম মোল্লা, স্কুল অব বিজনেস-এর ডিন প্রফেসর ড. এএইচএম হাবিবুর রহমান, স্কুল অব সায়েন্স-এর ডিন প্রফেসর ড. এজেএম ওমর ফারুক, স্কুল অব ইঞ্জিনিয়ারিং-এর ডিন প্রফেসর শেখ মোঃ হাসানুজ্জামান, সকল বিভাগের বিভাগীয় প্রধানগণ, শিক্ষক-লী, কর্মকর্তা ও ছাত্রছাত্রীবৃন্দ উক্ত সামিটে-এ উপস্থিত ছিলেন। -বিজ্ঞপ্তি।

সম্পাদক, মুদ্রাকর ও প্রকাশক: মোহাম্মদ আতিকউল্লাহ খান মাসুদ (এম এ খান মাসুদ), উপদেষ্টা সম্পাদক: তোয়াব খান, নির্বাহী সম্পাদক: স্বদেশ রায়। সম্পাদক কতক গ্লোব জনকণ্ঠ শিল্প পরিবার-এর সদস্য প্রতিষ্ঠান যথাক্রমে গ্লোব প্রিন্টার্স লি: ও জনকণ্ঠ লি: থেকে মুদ্রিত ও প্রকাশিত। রেজি: নং ডিএ ৭৯৬। কার্যালয়: জনকণ্ঠ ভবন, ২৪/এ রাশেদ খান মেনন সড়ক, নিউ ইফ্রাটন, জিপিও বাস: ৩৩৮০, ঢাকা, ফোন: ৯৩৪৭৭৮০-৯৯ (অটোহান্ডিং ২০ টি লাইন), ফ্যাক্স: ৯৩৫১৩১৭, ৮৩১৬৩৩৫, ই-মেইল: janakanthanews@gmail.com ওয়েবসাইট: [www.dailyjanakantha.com](http://www.dailyjanakantha.com) এবং [www.edailyjanakantha.com](http://www.edailyjanakantha.com) ॥ Copyright © All rights reserved by dailyjanakantha.com